আটঘরিয়ার ৫টি ইউনিয়নে কে কত ভোট পেয়েছিলেন

আটঘরিয়া সংবাদদাতা: আটঘরিয়া
উপজেলার ৫ টি ইউনিয়ন পরিষদের ৪র্থ
দফার নির্বাচনে আওয়ামী লীগের
নৌকা মার্কা প্রতিকের প্রার্থীরা
বিজয়ী হয়েছে।

শনিবার উপজেলার ৫ টি ইউনিয়ন পরিষদ এর মধ্যে ৪৬ কেন্দ্রে এই নির্বচনের ভোট গ্রহন করা হয়। নির্বাচিত প্রার্থীরা হলেন মাজপাড়া ইউনিয়নের আব্দুল গফুর মিয়া (নৌকা) পেয়েছেন ৮৮৭২ ভোট, তার নিকটতম প্রতিদ্বন্দী প্রার্থী ফারুক হোসেন (ধানের শীষ) পেয়েছেন ৫৩০৮ ভোট।

চাঁদভা ইউনিয়নের সাইফুল ইসলাম কামাল (নৌকা) পেয়েছেন ৫৩৩১ ভোট, তার নিকটতম প্রতিদ্বন্দী আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী কামরুজ্জামান টুটুল (মোটরসাইকেল) পেয়েছেন ৫১৫০ ভোট।

দেবোত্তর ইউনিয়নের মোহাইমিন হোসেন চঞ্চল (নৌকা) পেয়েছেন ৯০০৮ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দী আব্দুল মালেক মোল্লা (ধানের শীষ) পেয়েছেন ৩৭০১ ভোট।

একদন্ত ইউনিয়নের ইসমাইল হোসেন সরদার (নৌকা) পেয়েছেন ১৪৭১২ ভোট, নিকটতম প্রতিদ্বন্দী আ.লীগের বিদ্রোহী প্রার্থী ওমর আলী বিশ্বাস পেয়েছেন ৪০৩৪ ভোট।
লক্ষীপুর ইউনিয়নের আনোয়ার হোসেন (নৌকা) ৫৯৬৮ ভোট, তার নিকটতম প্রতিদ্বন্দী আ.লীগের বিদ্রোহী প্রার্থী হিদায়েতউল্লাহ (আনারস) পেয়েছেন ২৮৫৮ ভোট।

এদিকে ৫ টি ইউনিয়নের আওয়ামী লীগের প্রার্থী বিজয়ী হওয়ায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম রতন নব নির্বাচিতদের অভিনন্দন জানিয়েছেন।